# Times Today BD

আলী হায়দার | ঢাকা | 14 April, 2025

কিশোরগঞ্জের কুলিয়ারচরে এক শিশু বাচ্চার পিতা তার শিশু সন্তান নিয়ে বাড়ি যাওয়ার পথে, শিশু ছিনতাইকারী অভিযোগ তোলে অতি উৎসাহী জনতা শিশুর সামনে শিশুর পিতাকে বেধড়ক পিটিয়েছে।ঘটনাটি ঘটেছে রবিবার (১৩ এপ্রিল) বিকেল ৩টার দিকে উপজেলার রামদী ইউনিয়নের তাতারকান্দা নামক স্থানে ।এ ঘটনায় আহত সোহেল মিয়াকে (৩০) পুলিশ উদ্ধার করে প্রাথমিক চিকিৎসা দিয়েছে।

সোহেল মিয়া কিশোরগঞ্জ পৌর শহরের হারুয়া সওদাগর পাড়ার জজ মিয়ার ছেলে।ঘটনার সময় তিনি ৩ বছরের শিশু সন্তান লাইসাকে নিয়ে অটোরিকশা যোগে আগরপুর বাসস্ট্যান্ডে যাচ্ছিলেন।এ সময় শিশুটি কান্না করছিলো, তা দেখে স্থানীয় লোকজন শিশু ছিনতাইকারী সন্দেহ করে অটোরিকশার গতিরোধ করে তাকে বেধম মারধর করে এবং অটোরিকশায় থাকা অপর এক যাত্রীও ছিনতাইকারী বলে বেধম মারধোর করে জনতা।পরে খবর পেয়ে থানা পুলিশ এসে উদ্ধার করে তাদের ২ জনকে নিয়ে যায়।

সোহেল জানান, প্রায় ১০ বছর পূর্বে তিনি তার প্রতিবেশী লালন মিয়ার মেয়ে সাবিনা আক্তারকে বিয়ে করে।তার সংসারে ৩টি সন্তান রয়েছে। গত কয়দিন ধরে তার স্ত্রী নিখোঁজ।শিশুকে সাথে নিয়ে স্ত্রীকে খোঁজতে বের হন তিনি।

কুলিয়ারচর থানার উপ-পরিদর্শক মনজুরুল ইসলাম বলেন, উদ্ধারের পর সোহেলকে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স থেকে প্রাথমিক চিকিৎসা দেয়া হয়।তিনি জানান, সোহেলের স্ত্রী কোলের সন্তানকে নিয়ে বাড়ি ছেড়ে চলে যাওয়ায় ভৈরবে তার এক আত্মীয়ের বাসায় গিয়েছিলেন স্ত্রীর খোঁজে।সেখানে কয়দিন ছিলেন তিনি।এরপর আজ বাড়ি যাওয়ার পথে এ ঘটনা ঘটে।

এ ব্যাপারে যোগাযোগ করা হলে কুলিয়ারচর থানার ওসি মোঃ হেলাল উদ্দিন বলেন, সোহেল ও তার মেয়ে লাইসাকে রাত ৯টার দিকে জিডিমূলে তার মা, বাবা ও ভাই-বোনের কাছে বুঝিয়ে দেয়া হয়েছে।লোকজন ভুল বুঝে তাকে মারধর করেছে বলে তিনি জানান।

কিশোরগঞ্জ ছিনতাইকারী শিশু

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 26 June, 2025 21:14

URL: https://www.timestodaybd.com/public/dhaka/879287734